গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.dbla.gov.bd

নং-১০.০৭.০০০০.০০০.০০১.১৮.০০১.২৬-২৬৮

তারিখ ২২ আষাঢ় ১৪৩৩ / ০৬ জুলাই ২০২৬

# পরিপত্র

**বিষয়: মাঠ পর্যায়ে এবং প্রধান কার্যালয় কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণ কর্তৃক কর্মচারীগণের বদলী/ কর্মস্থল পরিবর্তনের ক্ষেত্রে তদবির না করা সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, প্রশাসনিক প্রয়োজন, দাপ্তরিক স্বার্থ, কর্মদক্ষতা বৃদ্ধি, সুশাসন প্রতিষ্ঠা এবং কর্মক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে কর্মকর্তা-কর্মচারীদের বদলি/কর্মস্থল পরিবর্তন একটি নিয়মিত ও চলমান প্রশাসনিক কার্যক্রম। একই কর্মস্থলে দীর্ঘদিন দায়িত্ব পালন করলে কর্মপরিবেশে স্থবিরতা সৃষ্টি হওয়ার পাশাপাশি বিভিন্ন অনিয়ম ও অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি উদ্ভবের সম্ভাবনা থাকে। এ প্রেক্ষাপটে প্রশাসনিক প্রয়োজন এবং প্রচলিত বিধি-বিধানের আলোকে অধিদপ্তরের অধীন কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের সময়ে সময় বদলি/কর্মস্থল পরিবর্তনের আদেশ জারি করা হয়ে থাকে।

০২। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বদলি/কর্মস্থল পরিবর্তন সংক্রান্ত আদেশ জারির পূর্বে বা পরে কোনো কোনো কর্মকর্তা-কর্মচারী বিভিন্ন মাধ্যমে তদবির করছেন এবং সামাজিক যোগাযোগমাধ্যম ও বিভিন্ন অনলাইন প্ল্যাটফর্মে এ বিষয়ে মন্তব্য বা আলোচনা করছেন। এ ধরনের কার্যক্রম সরকারি চাকরির শৃঙ্খলা, নিরপেক্ষতা এবং পেশাগত আচরণের পরিপন্থী। এছাড়া, বদলি/কর্মস্থল পরিবর্তনের আদেশ জারির পূর্বে মাঠপর্যায়ে আলোচনা বা মতামত গ্রহণের কোনো বিধান প্রচলিত নেই।

০৩। এমতাবস্থায়, অধিদপ্তর ও এর অধীনস্থ সকল কর্মকর্তা-কর্মচারীকে বদলি/কর্মস্থল পরিবর্তন সংক্রান্ত বিষয়ে কোনো প্রকার তদবির, সুপারিশ গ্রহণ বা প্রদান, কিংবা সামাজিক যোগাযোগমাধ্যম, অনলাইন প্ল্যাটফর্ম অথবা অন্য কোনো মাধ্যমে মন্তব্য বা প্রভাব বিস্তারের চেষ্টা থেকে বিরত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো। প্রশাসনিক শৃঙ্খলা ও দাপ্তরিক পরিবেশ সমুন্নত রাখার স্বার্থে এ নির্দেশনা কঠোরভাবে প্রতিপালন করতে হবে। নির্দেশনা অমান্য করা হলে তা অসদাচরণ হিসেবে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে প্রচলিত বিধি-বিধান অনুযায়ী প্রয়োজনীয় বিভাগীয়/শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

06.7.26


**(রিফাত আরা সুলতানা)**
সহকারী পরিচালক (প্রশাসন)
(সিনিয়র সিভিল জজ)
ফোন: ০২-৪১০৩২২৯৫ (অ:)
adadmin@dbla.gov.bd


**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চীফ লিগ্যাল এইড অফিসার, সুপ্রীম কোর্ট, সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিস, ঢাকা।
২। চীফ লিগ্যাল এইড অফিসার (জেলা), জেলা লিগ্যাল এইড অফিস, .................... (সকল)।
২। জেলা লিগ্যাল এইড অফিসার, জেলা লিগ্যাল এইড অফিস, .................... (সকল)।
৩। জনাব ........................................................................ (অধিদপ্তর ও মাঠ পর্যায়ে সকল কর্মচারী।)

নং-১০.০৭.০০০০.০০০.০০১.১৮.০০১.২৬-

তারিখ: ২২ আষাঢ় ১৪৩৩ / ০৬ জুলাই ২০২৬

**অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় চেয়ারম্যান, সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড কমিটি ও মাননীয় বিচারপতি, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। মাননীয় চেয়ারম্যান, জেলা লিগ্যাল এইড কমিটি ও বিজ্ঞ জেলা ও দায়রা জজ, ................ (সকল)।
৩। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫। উপপরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
৬। সহকারী পরিচালক (মনিটরিং/অর্থ ও হিসাব), বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
৭। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর।
৮। সহকারী মেইনটেন্যান্স ইন্জিনিয়ার, বাংলাদেশ আইনগত সহায়তা অধিদপ্তর (ওয়েব সাইটে আপলোডের নির্দেশনাসহ)।
৯। সংশ্লিষ্ট ফাইল।

06.7.26

**(রিফাত আরা সুলতানা)**
সহকারী পরিচালক (প্রশাসন)
(সিনিয়র সিভিল জজ)
ফোন: ০২-৪১০৩২২৯৫ (অ:)
adadmin@dbla.gov.bd